

- ০১। দরপত্রসমূহ সীল মোহরযুক্ত খামে দাখিল করতে হবে এবং খামের উপরে হাট-বাজারের নাম ও গুণ নম্বর এবং খামের বাম পাশে দরপত্র দাতার নাম ও ঠিকানা স্পষ্টভাবে লিখতে হবে। সকল দরপত্র রাজাপুর উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ের রক্ষিত টেন্ডার বাস্তবে জমা দিতে হবে।
- ০২। দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% জামানত স্বরূপ যে কোন তফসীলি ব্যাংক হতে বাংক ড্রাফট নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% টাকা অনুমোদিত ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% টাকা জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। কৃতকার্য দরদাতাকে ইজারা অনুমোদনের ০৭ কার্য দিবসের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে এবং ইজারা মূল্যের ১৫% ভ্যাট ও ৫% আয়কর সরকারি কোষাগারে জমা দিয়ে চালান কপি দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট টাকা, আয়কর ও ভ্যাট জমাদানে ব্যর্থ হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্রের সাথে দাখিলকৃত অর্থ হতে হাট-বাজার ইজারা নীতিমালা মোতাবেক বাজেয়াপ্তসহ ইজারাবাতিল বলে গণ্য হবে।
- ০৩। প্রাপ্ত দরপত্রের মধ্যে সর্বোচ্চ দরদাতার দর গ্রহণ করা হবে। তবে উহা যদি বিগত ০৩ বছরের মধ্যে সর্বোচ্চ ইজারা মূল্যের চেয়ে কম হয় তাহলে উক্ত দর প্রাপ্তির লক্ষ্যে ধার্য তারিখ অনুযায়ী একাধিক বিজ্ঞপ্তি কার্যকর করা হবে। তবে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ০৪। ইজারা সময়কাল বাংলা ১৪২৫ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য অস্থায়ীভাবে।
- ০৫। গৃহীত দরদাতার নিকট থেকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের স্ট্যাম্প নিদিষ্ট ফর্মে চুক্তিনামা স্বাক্ষরপূর্বক হাট বাজারের দখল বুকে নিবেন।
- ০৬। দরপত্রে দেয় দর অংকে ও কথায় স্পষ্ট করে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি ও ঘষামাজা গ্রহণযোগ্য হবেনা।
- ০৭। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা যাবে না।
- ০৮। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৯। টোল আদায়ের সরকারী রেট (টোল চার্জ) জনসাধারণের জন্য উন্মুক্ত স্থানে টানিয়ে দিতে হবে।
- ১০। হাট বাজারে নতুন কোন স্থায়ী বা অস্থায়ী স্থাপনা স্থাপন করা যাবে না।
- ১১। হাট বাজারের পরিষ্কার পরিচ্ছন্নতার দায়িত্ব ইজারাদারের উপর বর্তাবে।
- ১২। ইজারাদার কোন প্রকার সাব ইজারা দিলে তার ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১৩। ইজারা সংক্রান্ত কোন প্রকার জটিলতা সৃষ্টি হলে উহা ইজারা প্রদান কর্তৃপক্ষকে সরাসরি জানাবে।
- ১৪। কৃতকার্য ইজারাদারকে যে কোন সময়ে সরকার হতে জারিকৃত যে কোন সিদ্ধান্ত/নির্দেশনা কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- ১৫। কোন দরদাতা একই হাট বাজারের জন্য একাধিক দরপত্র ভিন্ন ভিন্ন দরে দাখিল করতে পারবেনা।
- ১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৭। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী আদায় করা যাইবে।
- ১৮। চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮।

আফরোজা বেগম পারুল
উপজেলা নির্বাহী অফিসার
রাজাপুর, ঝালকাঠি
☎ঃ ০৪৯৫৪-৬৫২২২

তারিখ : ২২-০১-২০১৮ খ্রি:

স্মারক নং ০৫.১০.৪২৮৪.০১৮.০৩.০১০.১৮-

৭৩ (২০০)

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০০-০১। জেলা প্রশাসক, ঝালকাঠি।
- ০০-০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝালকাঠি।
- ০০-০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ঝালকাঠি।
- ০০-০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজাপুর।
- ০৫-০৭। উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর/নলছিটি/কাঠালিয়া।
- ০০-০৮। সহকারী কমিশনার (ভূমি), রাজাপুর।
- ০৯-৩৯। উপজেলা..... অফিসার, রাজাপুর।
- ০০-৪০। অফিসার ইন চার্জ, রাজাপুর থানা।
- ৪১-৪৬। চেয়ারম্যান....., ইউনিয়ন পরিষদ, রাজাপুর, তাঁর ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে টানানোসহ ব্যাপক প্রচারের অনুরোধ করা হলো।
- ৪৭-৪৮। সভাপতি, প্রেসক্লাব/রিপোর্টার্স ইউনিটি, রাজাপুর।
- ৪৯-৫৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..... ইউনিয়ন ভূমি অফিস, রাজাপুর, তার ইউনিয়নধীন হাট-বাজার দরপত্র বিজ্ঞপ্তি হাটের দিন টোল সহরতপুরক ব্যাপক প্রচারের অনুরোধ করা হলো।
- ০০-৫৫। সম্পাদক, - ঝালকাঠি। এ বিজ্ঞপ্তি (৬৮x১৩৮) সাইজে ১১ ফুটে আপনার পত্রিকায় ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে তাঁর ০২(দুই) কপি এ অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৫৬-৬৯। জনাব..... ইজারাদার..... হাট-বাজার.....সন।
- ৭০-১০০। সভাপতি/সম্পাদক..... হাট-বাজার কমিটি, রাজাপুর।
- ০০-১০১। অফিস কপি।

আফরোজা বেগম পারুল
উপজেলা নির্বাহী অফিসার
রাজাপুর, ঝালকাঠি
২২/০১/১৮